

Original P/L
No. 112
Pr. 11/11

শিপিং অফিস
চট্টগ্রাম
তারিখঃ ২০০৭
০৭/১১/০৭

১১/১১/০৭
০৭/১১/০৭
১১/১১/০৭

৫৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা।

নং- ৪(১৩)/৯৪-জা-২- ৪৪৭

তারিখঃ ১০-০৭-১৪১০
২৫-১০-২০০৩

প্রজ্ঞাপন

বাংলাদেশ সমুদ্র পরিবহন (নাবিক নিয়োগ) বিধিমালা, ২০০১ এর ৩(১) ধারার প্রদত্ত ক্ষমতা বলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে "নাবিক নিয়োগ বোর্ড" (Seamen Employment Board) গঠন করলেন :

- | | | | |
|-----|--|---|---------|
| (১) | শিপিং মাস্টার, সরকারী শিপিং অফিস, চট্টগ্রাম | : | সভাপতি। |
| (২) | নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের একজন প্রতিনিধি | : | সদস্য। |
| (৩) | নাবিক প্রশিক্ষণ কেন্দ্রের একজন প্রতিনিধি | : | সদস্য। |
| (৪) | ব্যক্তিমালিকানাধীন সমুদ্রগামী জাহাজ কোম্পানীসমূহের (BOGSOA) একজন প্রতিনিধি | : | সদস্য। |
| (৫) | বিদেশী জাহাজ মালিকদের বাংলাদেশস্থ প্রতিনিধি (বর্তমানে মেসার্স জেমস ফিনলে পিএলসি) | : | সদস্য। |
| (৬) | মেসার্স হক এন্ড সন্স লিঃ এর একজন প্রতিনিধি | : | সদস্য। |
| (৭) | বাংলাদেশ সীফারার্স ইউনিয়নের একজন প্রতিনিধি | : | সদস্য। |
| (৮) | বাংলাদেশ সীম্যান এসোসিয়েশনের একজন প্রতিনিধি | : | সদস্য। |
| (৯) | বিএসসি সীম্যান এসোসিয়েশনের একজন প্রতিনিধি | : | সদস্য। |

২। বোর্ডের কার্যপরিধি :

উক্ত বোর্ড বাংলাদেশ সমুদ্র পরিবহন (নাবিক নিয়োগ) বিধিমালা, ২০০১-এ বর্ণিত বিধিমালা অনুসারে কার্যাদি সম্পাদন করবে। বাংলাদেশী নাবিকদের নিয়োগ এবং কল্যাণের ক্ষেত্রে অধিকতর উৎকর্ষ সাধনের জন্য বোর্ড নিম্নে উল্লেখিত কার্যাদিও সম্পাদন করবে :

- জাহাজ মালিক এবং নাবিকদের মধ্যে বিতেন্দ পরিহার ও সমন্বয় সাধন ;
- নাবিক নিয়োগের ক্ষেত্রে উদ্ভূত বিভিন্ন সমস্যা মোকাবেলার জন্য তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণ। যে সকল বিষয়ে এই বোর্ড সিদ্ধান্ত গ্রহণে অসমর্থ হবেন সেক্ষেত্রে যুক্তিসহ প্রস্তাব সমুদ্র পরিবহন অধিদপ্তরে পেশ করতে হবে এবং ঐ সকল ক্ষেত্রে সমুদ্র পরিবহন অধিদপ্তর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন ;
- নাবিকদের কর্মসংস্থান বৃদ্ধির লক্ষে পদক্ষেপ গ্রহণ সম্পর্কে সময় সময় সমুদ্র পরিবহন অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ ;
- বিদেশী বন্দরে আটকে পড়া বাংলাদেশী নাবিকদের দেশে প্রত্যাবাসনের ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ প্রদান ;
- বোর্ড তার কার্যবিবরণীর অনুলিপি নিয়মিতভাবে মন্ত্রণালয়ে এবং সমুদ্র পরিবহন অধিদপ্তরে পেশ করবে।

৩। অত্র বিজ্ঞপ্তি জারীর সাথে সাথে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের ১১-১১-১৯৯০ ইং তারিখের বিজ্ঞপ্তি নং-জাহাজ-২/বি-২০/৯০-৫৫৩ মূলে গঠিত কমিটি বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে প্রদত্ত এই বিজ্ঞপ্তি অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ইহা বলবৎ থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষর

(মোঃ আবদুল মতিন)
উপ-সচিব (জাহাজ)

স্বপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,
তজগাঁও, ঢাকা।

বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় ছাপানোর জন্য অনুরোধ করা হলো।

চলমান পাতা/২